

প্রথম অধ্যায়
(গুরুতর আর্থিক অনিয়ম, ক্ষয়ক্ষতি, ইত্যাদি)

প্রথম অধ্যায় ।

প্রতিবেদনাধীন বৎসরে সর্বমোট ৭টি প্রকল্পের উপর উত্থাপিত অডিট আপত্তিসমূহের মধ্যে যে সমস্ত গুরুতর আর্থিক অনিয়ম, ক্ষয়ক্ষতি ইত্যাদি সংক্রান্ত আপত্তি অদ্যাবধি মীমাংসিত হয় নাই, উহাদের কয়েকটির বিবরণ এই অধ্যায়ে, প্রথমে সারণিতে সংক্ষিপ্ত আকারে এবং পরে অনুচ্ছেদ আকারে বিস্তারিতভাবে প্রদত্ত হইল। উল্লেখ্য যে, ইতোপূর্বে এই সকল প্রকল্পের উপর উত্থাপিত গুরুতর আর্থিক অনিয়ম সমূহ যাহা প্রতিবেদন চূড়ান্ত করার সময় পর্যন্ত নিষ্পত্তি হয় নাই, তাহার প্রতিফলনও এই প্রতিবেদনের প্রথম অধ্যায়ের অনুচ্ছেদসমূহে রহিয়াছে।